

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৬.১৫-৩৩

তারিখঃ-৩০/০১/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ- ২০১৬-১৭ অর্থবছরে আত্মকর্মসংস্থান সৃজন বাস্তবায়ন অগ্রগতি এবং প্রতিবেদনে প্রাপ্ত অসংগতি সংক্রান্ত।

নরসিংদী জেলাধীন উপজেলাসমূহের জুলাই'১৬ হতে ডিসেম্বর'১৬ পর্যন্ত আত্মকর্মসংস্থান সৃজন কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি এবং ডিসেম্বর'১৬ মাসের মাসিক প্রতিবেদনে চিহ্নিত অসংগতিসমূহ নিম্নে দেয়া হলোঃ

নং	কার্যালয়ের নাম	আত্মকর্মসংস্থান সৃজন		অসংগতির বিবরণ	কর্মসংস্থান ব্যাংক		জনতা ব্যাংক	
		অগ্রগতি	অর্জন		২০১৬-১৭ বছরের ডিসে'১৬ পর্যন্ত	ক্রমপূঞ্জিত অগ্রগতি	২০১৬-১৭ বছরের ডিসে'১৬ পর্যন্ত	ক্রমপূঞ্জিত অগ্রগতি
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
০১	নরসিংদী জেলা	১৮০	৮৫	প্রতিবেদনে সর্বমোট ১০ কলামে ৬০১৫ এর স্থলে ৬০১৮ এবং ৩০ নং কলামে ৩৭১২ এর স্থলে ২৬৪৩, ৩১ নং কলামে ৪৫৬৯ এর স্থলে ২৭৫৯ এবং ৩২ নং কলামে ৮২৮১ এর স্থলে ৫৪০২ লিখা হয়েছে।	ঋণ বিতরণের সংখ্যা = ০ বিতরণ- কৃত টাকার পরিমাণ = ০	ঋণ বিতরণের সংখ্যা = ২২৯ জন বিতরণ- কৃত টাকার পরিমাণ = ১৩২.৯০ লক্ষ টাকা	ঋণ বিতরণের সংখ্যা = ০ বিতরণ- কৃত টাকার পরিমাণ = ০	ঋণ বিতরণের সংখ্যা = ০ বিতরণ- কৃত টাকার পরিমাণ = ০
০২	মনোহরদী	৯০	৫৫	প্রতিবেদনে পরিবার ভিত্তিক ঋণ হতে আত্মকর্মী সৃজনের তথ্য লিপিবদ্ধ নেই। বিশেষ প্রশিক্ষণ হতে আত্মকর্মী সৃজনের তথ্য জুল পাওয়া গেছে এবং মোট ক্রমপূঞ্জিত আত্মকর্মীর সংখ্যা সঠিক নয়। ওয়েবসাইটে আত্মকর্ম সৃজনের তালিকা এক্সেল ফাইলে প্রেরণ করা হয়নি।				
০৩	রায়পুরা	৫৪	৫৪	ওয়েবসাইটে আত্মকর্ম সৃজনের তালিকা এক্সেল ফাইলে প্রেরণ করা হয়নি।				
০৪	শিবপুর	৭২	১৫১	ওয়েব সাইটে আত্মকর্মের তালিকায় প্রশিক্ষণের সময়কাল তারিখের ডিজিটে না লিখে মাস লিখা হয়েছে।				
০৫	পলাশ	৯০	২৯	ওয়েব সাইটে আত্মকর্মের তালিকায় ৯নং কলাম ৮ ডিজিটের পরিবর্তে ৬ ডিজিট দেয়া হয়েছে।				
০৬	সদর	৭২	৪৮	প্রতিবেদনে ৩০,৩১ ও ৩২ নং কলাম পূরন করা হয়নি। ওয়েব সাইটে আত্মকর্মের তালিকা প্রেরণের কোন তথ্য নেই।				
০৭	বেলাবো	৫৪	৭২	ওয়েব সাইটে আত্মকর্মের তালিকায় ০৩/০২/২০১৪ না লিখে ৩/২/২০১৪ লিখা হয়েছে।				

০১। রায়পুরা, শিবপুর ও বেলাবো লক্ষ্যমাত্রা মোতাবেক আত্মকর্মী সৃজনে সক্ষম হলেও নরসিংদী জেলা কার্যালয়সহ অন্যান্য উপজেলার অগ্রগতির চিত্র হতাশাজনক। যে সকল উপজেলায় আত্মকর্মী সৃজনের লক্ষ্য অর্জিত হয়েছে তার গুণগত মান যথেষ্ট প্রশ্ন স্বাপেক্ষ।

০২। কর্মসংস্থান ব্যাংক ও জনতা ব্যাংক হতে চলতি অর্থবছরে কোন কার্যালয় থেকে ঋণ বিতরণ করা হয়নি, যা অপ্রত্যাশিত।

০৩। বারবার তাগিদ এবং নির্দেশনা দেয়া সত্ত্বেও ওয়েবসাইটে নরসিংদী জেলা ও উপজেলা হতে আত্মকর্ম সৃজনের তালিকা এক্সেল ফাইলে প্রেরণ করা হয়নি। নির্দেশনাঃ

০১। নির্ধারিত ফরমেটে সকল কলাম যথাযথ তথ্য দ্বারা পূরণ করে নির্ধারিত সময়ে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

০২। ০৯/০১/২০১৭ খ্রিঃ তারিখের ১০ নং স্মারক পত্রের নির্দেশনা এবং উদাহরণ অনুসরণ করে আগামী ২৮/০২/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে সকল কার্যালয়ের আত্মকর্মের তথ্য ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা নিতে হবে।

০৩। কর্মসংস্থান ব্যাংক এবং জনতা ব্যাংক হতে যুবদের অধিক হারে ঋণ প্রাপ্তির সুযোগ সৃষ্টির জন্য যোগাযোগ বৃদ্ধি করে ইতিবাচক ফলাফল নিয়মিতভাবে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো।


(নাসরিন আক্তার)

কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার(দাগবিঃ ও ঋণ)

১। উপ-পরিচালক,
যুব উন্নয়ন অধিদপ্তর,
নরসিংদী।

২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,
যুব উন্নয়ন অধিদপ্তর

-----উপজেলা ----- জেলা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ করা হলো :

০১। সহকারী পরিচালক, (আইসিটি সেল) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-১০০০।

০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।